



## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয় : সিএনজি স্টেশন হতে গ্যাস সরবরাহ বন্ধ রাখার সময়কাল  
পুনঃনির্ধারণ সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি।**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকার আসন্ন পবিত্র রমজান মাসের শুরু থেকে ঈদ-উল-ফিতর পর্যন্ত বিকাল ৫:০০ টা হতে রাত ১১:০০ টা পর্যন্ত অর্থাৎ মোট ৬ (ছয়) ঘণ্টা সকল সিএনজি স্টেশন হতে গ্যাস সরবরাহ বন্ধ রাখার সিদ্ধান্ত গ্রহণ করেছে। সরকারি এ সিদ্ধান্ত মোতাবেক সারাদেশে সিএনজি স্টেশনসমূহকে উল্লিখিত সময়সূচি অনুযায়ী গ্যাস সরবরাহ বন্ধ রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

এ সিদ্ধান্ত বাস্তবায়নে গ্যাস বিতরণ কোম্পানির ভিজিল্যান্স টিমসমূহ নিয়মিত মনিটরিং করবে। সিদ্ধান্ত অমান্যকারী সংশ্লিষ্ট সিএনজি স্টেশন-এর বিরুদ্ধে বাংলাদেশ গ্যাস আইন, ২০১০ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সাময়িক এ অসুবিধার জন্য পেট্রোবাংলা আন্তরিকভাবে দুঃখ প্রকাশ করছে।

বার্তা প্রেরক :

তারিকুল ইসলাম খান

উপ-মহাব্যবস্থাপক (জনসংযোগ)

পেট্রোবাংলা।

